



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বোদা, পঞ্চগড়।
www.acl.boda.panchagarh.gov.bd.



“প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, অত্র বোদা উপজেলার বড়শাশী ইউনিয়ন ভূমি অফিসাধীন মহিষ বাথান এলাকায় প্রকৃতিক ঝড় ও বাতাসে হেলে পড়া ঝুঁকিপূর্ণ একটি ইউক্যালিপটাস গাছ নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে আগামী ১২/১০/২০২৩ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় সরেজমিনে নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তিগণকে ধার্য তারিখ যথাসময়ে উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য বলা হলো।

শর্তাবলী

- (১) নিলাম ডাকে আগ্রহী ব্যক্তিগণকে আগামী ১২-১০-২০২৩ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকার পূর্বে সরেজমিনে স্বশরীরে হাজির হয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- (২) রেঞ্জ কর্মকর্তা, দেবীগঞ্জ ফরেস্ট রেঞ্জ, দেবীগঞ্জ, পঞ্চগড় কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী গাছটির সরকারী মূল্য ১৭,১১০/- (সতেরো হাজার একশত দশ টাকা মাত্র) নির্ধারণ করা হয়েছে। কাজেই বর্ণিত সরকারী মূল্যের চেয়ে কম মূল্যে ডাক গ্রহণযোগ্য হবে না।
- (৩) নিলাম ডাক আরম্ভ হওয়ার সময় অর্থাৎ বেলা ১১.০০ ঘটিকার পূর্বে নিলাম ডাককারীকে ৩,০০০/- (তিন হাজার) টাকা (ফেরতযোগ্য) জামানত হিসেবে জমা প্রদান পূর্বক নিজ নিজ নাম ও ঠিকানা নিলাম কমিটির নিকট লিপিবদ্ধ করাতে হবে।
- (৪) নির্ধারিত সময়ের পর কোন ডাককারীর জামানত গ্রহণ করা হবে না এবং জামানত ব্যতিরেকে কেউ নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবে না।
- (৫) নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তিগণ গাছটির বর্তমান অবস্থা পরিদর্শন করে নিলাম ডাকে অংশগ্রহণ করবেন। এ ব্যাপারে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- (৬) গৃহীত সর্বোচ্চ নিলাম ডাককারীকে সরকারী বিধি মোতাবেক নিলাম ডাকের মোট অর্থের ৫% হারে আয়কর ও ১৫% হারে ভ্যাটসহ নিলাম ডাকের সমুদয় অর্থ (নগদ) ০৩ (তিন) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট জমা করতে হবে।
- (৭) গৃহীত নিলাম ডাককারীকে ০৭ (সাত) দিনের মধ্যে গাছটি অপসারণ করতে হবে।
- (৮) গাছটি অপসারণের সময় সরকারী /বেসরকারী কোন সম্পদ বা ভবনাদির ক্ষয়ক্ষতি হলে তার দায়-দায়িত্ব নিলাম ডাককারীকে বহন করতে হবে।
- (৯) গাছটি অপসারণের ফলে সৃষ্ট গর্ত গৃহীত নিলাম ডাককারীকে নিজ খরচে মাটি দ্বারা ভরাট করে দিতে হবে।
- (১০) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক গ্রহণ বা বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।
- (১১) অনিবার্য কারণবশত নিলাম ডাকের তারিখ ও সময় পরিবর্তন হতে পারে।

স্বাক্ষরিত/-
মোঃ ইমরানুজ্জামান
সহকারী কমিশনার (ভূমি)
বোদা, পঞ্চগড়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

স্মারক নম্বরঃ ৩১.৪৭.৭৭২৫.০০০.০০.০১৭.২১- ৪৭২

তারিখঃ ০১/১০/২০২৩ খ্রি.।

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড়।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা, পঞ্চগড়।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, বোদা, পঞ্চগড়।
- ০৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বোদা, পঞ্চগড়। সদস্য, উপজেলা পুরাতন মালামাল / গাছ নিলাম কমিটি, বোদা, পঞ্চগড়।

আপনাকে

যথাসময়ে যথাস্থানে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

- ০৬। ফরেস্ট রেঞ্জার, রেঞ্জ কর্মকর্তা, দেবীগঞ্জ ফরেস্ট রেঞ্জ (বিভাগীয় বন কর্মকর্তার প্রতিনিধি)। সদস্য, উপজেলা পুরাতন মালামাল/ গাছ নিলাম কমিটি, বোদা, পঞ্চগড়। আপনাকে যথাসময়ে যথাস্থানে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

- ০৭। উপজেলা ----- অফিসার, বোদা, পঞ্চগড়।

- ০৮। চেয়ারম্যান ----- ইউনিয়ন পরিষদ, বোদা, পঞ্চগড়।

- ০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, -----

-- ইউনিয়ন ভূমি অফিস, বোদা, পঞ্চগড়। তাকে নিলাম বিজ্ঞপ্তি মাইকিং ও স্থানীয় হাট-বাজারে টোল সহরতের মাধ্যমে প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

- ১০। মেসার্স/ জনাব.....

- ১১। নোটিশ বোর্ড।



০১/১০/২৩

মোঃ ইমরানুজ্জামান
সহকারী কমিশনার (ভূমি)
বোদা, পঞ্চগড়।

০১/১০/২৩

০১ জেলা প্রশাসক, পঞ্চগড়

০২ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড়

০৩ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা

০৪ উপজেলা নির্বাহী অফিসার, বোদা

০৫ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বোদা

০৬ ফরেস্ট রেঞ্জার, রেঞ্জ কর্মকর্তা, দেবীগঞ্জ ফরেস্ট রেঞ্জ

